ISO 9001:2015
Cirtified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
Comilla Palli Bidyut Samity-1

সদর দপ্তর
চান্দিনা, কুমিল্লা
ফোনঃ ০৮০২২ ৫৬১৩১
০৮০২২ ৫৬১৪৩
E-mail: comillapbs01@gmail.com
Web: pbs1.comilla.gov.bd

স্মারকনং-২৭.১২.১৯২৭.৫০৩.০২.০০৮.২০২২.৩২৩৮

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৩ জুন ২০২২ খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিতদ শূন্যপদে চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ / প্যানেল তৈরীর নিমিত্তে কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দা ব্যতীত বাংলাদেশের অন্য সকল জেলার প্রকৃত নাগরিকদের নিকট হতে অত্র পবিসের নির্ধারিত ফর্মে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | ৪৬ (ছেচল্লিশ) টি (নিয়োগ প্রদানকালীন এ সংখ্যা কম বেশি হতে পারে। | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী মাসিক মূল বেতন ১৪,৭০০.০০ এছাড়া অন্যান্য ভাতাদি প্রদেয় | ক) এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে গাণিতিক ৪ (চার) সংখ্যার যোগ, বিয়োগ, গুন ও ভাগ করার দক্ষতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>ঙ) প্রার্থীর হাতের লেখা অবশ্যই সুন্দর হতে হবে।<br>চ) গ্রাহকগণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>ছ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>জ) গ্রামগঞ্জের প্রত্যন্ত এলাকায় গিয়ে মিটারের রিডিং গ্রহণ ও বিল বিতরণের কাজ করার মানসিকতা থাকতে হবে। | কুমিল্লা জেলা |

**শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (www.pbs1.comilla.gov.bd) হতে A 4 সাইজের কাগজে (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে অগ্রনী ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতঃ আগামী ০৫-০৭-২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এর ঠিকানায় প্রয়োজনীয় কাগজপত্রসহ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহনযোগ্য হবে না। এছাড়াও সাদা কাগজে লিখিত বা টাইপকৃত আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনও বাতিল বলে গণ্য হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।

গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ) স্থানীয় ইউনিয়ন / পৌরসভা মেয়র / ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঙ) চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

চ) অগ্রনী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে অগ্রনী ব্যাংক লিমিটেড, চান্দিনা শাখার উপর সংগৃহীত ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।

০৩) প্রার্থীর বয়স ১৩-০৬-২০২২ খ্রিঃ তারিখে ১৮ হতে ২৫ বছরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহনযোগ্য নয়।

০৪) নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। এ ০১ (এক) বছরের চুক্তির মেয়াদকালীন সময়ের প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে এবং লোকবলের প্রয়োজন সাপেক্ষে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ পরবর্তী চুক্তি সম্পাদিত হতে পারে। তবে চুক্তি সম্পাদিত হলেও ১ম পক্ষের লোকবল প্রয়োজন না হলে তখন ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের সাথে সম্পাদিত চুক্তিপত্রের শর্ত মোতাবেক সম্পাদিত চুক্তির অবসান ঘটাতে পারবেন। তবে কোনভাবেই এ চাকুরী স্থায়ী করা হবে না।

০৫) পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে বা কোন বিরূপ তথ্য পাওয়া গেলে তা অবগত করতঃ কোন প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে চুক্তি বাতিল করা হবে।

০৬) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা / কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকগণের স্বামী/ স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এছাড়া কুমিল্লা জেলার প্রার্থীগণের আবেদন করা প্রয়োজন নেই।

০৭) প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে আবেদন করলে / নিয়োগপ্রাপ্ত হলে এবং তা প্রমাণিত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮) খামের উপর অবশ্যই বড় অক্ষরে **পদের নাম ও নিজ জেলার নাম** উল্লেখ করতে হবে।

০৯) নিয়োগ লাভের ক্ষেত্রে যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গন্য হবে।

১০) ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত / চাকুরীচ্যুত/ স্বেচ্ছায় পদত্যাগকারী/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

১১) লিখিত /মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।

১২) অসম্পূর্ণ / ভুল আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরন না করা হলে বা আংশিক পূরন করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে বা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে **''প্রযোজ্য নয়''** উল্লেখ করতে হবে।

১৩) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে যোগদানের সময় সমিতির অনুকূলে ১০,০০০.০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত দেয়া হবে।

১৪) সমিতিতে চুক্তিভিত্তিক কর্মকালীন প্রতি চুক্তি বর্ষে ০২ (দুই) টি উৎসব বোনাস প্রাপ্য হবেন।

১৫) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**

০১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০২। পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৫। নোটিশ বোর্ড, ওয়েব সাইট, কুমিল্লা পবিস-১।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন।
০৭। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৮। পুলিশ সুপার, কুমিল্লা।
০৯। সকল পবিস।
১০। ডিজিএম (কোম্পানীগঞ্জ /দেবিদ্বার/ বরুড়া/ বাঙ্গারা) / সদর কারিগরী, কুমিল্লা পবিস-১।
১১। এজিএম (ইএন্ডসি / ওএন্ডএম / পিএন্ডএম /প্রশাসন/ এইচআর/অর্থ-হিসাব/ অর্থ-রাজস্ব/ সদস্য সেবা), কুমিল্লা পবিস-১।
১২। এজিএম (ওএন্ডএম), নবাবপুর / পয়ালগাছা / মুরাদনগর/ রামমোহন সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
১৩। অফিস কপি / মাস্টার কপি।

(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

COMILLA PALLI BIDYUT SAMITY-1

পমাসপ ১১০-০০২
ভার্সন: ০১
অনুমোদিত: ২৭/০৪/২০১৪

**কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

| |
|---|
| এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেডকর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে। |

সিনিয়র জেনারেল ম্যানেজার
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ২৭.১২.১৯২৭.৫০৩.০২.০০৮.২০২২.৩২৩ ০২। পদের নামঃ **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)**, ০৩। পদের ধরনঃ **চুক্তিভিত্তিক**

........................................................................ ......................................................

**৪. বিজ্ঞাপনের সূত্র/ পত্রিকার নামঃ** **৫. প্রকাশনার তারিখঃ**

.................................................... ................................................ ....................................

**৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)** **(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)** **৭. জন্ম তারিখ ( সনদ/নিবন্ধন অনুযায়ী)**

......................................................... ........................... **(দিন/মাস/বছর)**

**৮. মাতার নাম** **৯. বয়স (১৩-০৬-২০২২ খ্রিঃ তারিখে)**

......................................................... ........................................

**১০. পিতার নাম** **১১. ধর্ম**

......................................................... ..............................................

**১২. জাতীয়তা** **১৩. নিজ জেলা**

.........................................................

**১৪. টেলিফোন/ মোবাইল নম্বর** **১৫. বৈবাহিক অবস্থা টিক (√) দিন** ☐ বিবাহিত ☐ অবিবাহিত

**১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ**

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা ☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

**১৭. স্থায়ী ঠিকানাঃ**

........................................ ..................................... ......................... .........................

**ক. গ্রাম/সড়ক/বাড়ী** **খ. ডাকঘর** **গ. উপজেলা/থানা** **ঘ. জেলা**

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/ নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

........................................ ........................................ .......................... ..........................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

.................................................... ........................................... ....................................................

১৯. ব্যাংক ড্রাফট নং/পে-অর্ডার নং ২০. ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মূল্য ২১. ইস্যুর তারিখ

২০. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২১. অভিজ্ঞতার বিবরণ(সনদ দ্বারা সমর্থিত হতে হবে) যদি থাকেঃ

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং (ই-মেইল ঠিকানা যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবো/পবিসকর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিসকর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা,জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

------------------------------ ------------------------------------

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা,কুমিল্লা।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

# লিখিত / মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ..........................................................................

পরীক্ষার তারিখ ঃ ..........................................................................

পরীক্ষার সময় ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ..........................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ..............................................

(প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ** ..........................................................................

প্রার্থীর নাম ঃ ..........................................................................

পিতার নাম ঃ..........................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুকঃ ..............................................

..........................................................................

..........................................................................

# প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না।

৩। উত্তর পত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তর পত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।